



মাদরাসা পরিদর্শন দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, গুয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৯/৮২২৫

তারিখ: ৩০ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ
১৩ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

জোড়াখালী ফাজিল মাদরাসা, ডাকঘর: গোসাইবাড়ী, উপজেলা: ধুনট, জেলা: বগুড়া-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ০৩.০৪.২০১৯ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০১৯ খ্রি. থেকে ২৬.০৪.২০২০ খ্রি. তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহ :

- ১। সকল শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করত: উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ২। পরীক্ষার ফলাফল আরো ভালো করতে হবে।
- ৩। ব্যাংক রেজিস্ট্রারের মাধ্যমে সকল আর্থিক লেনদেন ব্যাংকের মাধ্যমে করতে হবে।
- ৪। শিক্ষার্থীদের আইসিটি ক্লাস নিশ্চিত করতে হবে।
- ৫। ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়সহ সংশ্লিষ্ট দপ্তরের নোটিশগুলো মাদরাসার নোটিশ বোর্ডে লাগাতে হবে।
- ৬। শ্রেণিকক্ষে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় সম্পর্কে শিক্ষার্থীদের ধারণা প্রদান করতে হবে।
- ৭। শিক্ষাসহায়ক কার্যক্রম যেমন-দেয়ালিকা, বিতর্ক, খেলাধুলা, হামদ-নাত ইত্যাদি আয়োজন ও শিক্ষার্থীদের নিয়মিত অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
- ৮। বাংলা ভাষার পাশাপাশি আরবি ভাষার দক্ষতা অর্জনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৯। গ্রন্থাগারটি নতুন ভবনে স্থানান্তরের পর পরিষ্কার পরিচ্ছন্ন করে যুগোপযোগী ও রেফারেন্স গ্রন্থ দ্বারা সমৃদ্ধ করে শিক্ষার্থীদের নিয়মিত ব্যবহার নিশ্চিত করতে হবে।
- ১০। অভ্যন্তরীণ ত্রয় কমিটি ও নীরিক্ষা কমিটি গঠনপূর্বক যাবতীয় ত্রয় ও নীরিক্ষা সম্পন্ন করতে হবে।
- ১১। মাদরাসার সাইবোর্ডে আরবিতে মাদরাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
- ১২। অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

Dun

13.02.2020

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

জোড়াখালী ফাজিল মাদরাসা

ডাকঘর: গোসাইবাড়ী, উপজেলা: ধুনট, জেলা: বগুড়া।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৯/৮২২৫

তারিখ: ৩০ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ
১৩ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (গুয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সভাপতি, জোড়াখালী ফাজিল মাদরাসা, ডাকঘর: গোসাইবাড়ী, উপজেলা: ধুনট, জেলা: বগুড়া।
- ৭। অফিস নথি।

M. J. R.
13.02.2020

(মুহাম্মদ মাহফিজুর রহমান)

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৬৩৩-১৩৮২৭৩

অধি/নবায়ন/ফাইল নং- রাজশাহী-১৭২